

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

ঢাকাঃ ৩১ ডিসেম্বর, ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি


বাংলাদেশের আর্থ-সামাজিক তথা জাতীয় উন্নয়নে গণমাধ্যম বর্তমানে অত্যন্ত শক্তিশালী ভূমিকা পালন করছে। সঠিক তথ্য নির্ভর বস্তুনিষ্ঠ সংবাদ এবং অনুষ্ঠান পরিবেশনের মাধ্যমে সমাজের সর্বস্তরে সুশৃঙ্খলা ও সুশাসন নিশ্চিত হওয়ার পাশাপাশি সৃজনশীল ও জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠিত হয়। এ অগ্রযাত্রায় গণমাধ্যমের সম্মানিত বন্ধুদের ভূমিকা অত্যন্ত সাহসিকতাপূর্ণ, যুগোপযোগী এবং নিরপেক্ষ। বিশেষ করে দারিদ্রমুক্ত, সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ নির্মাণের লক্ষ্যে রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে সমৃদ্ধ করাসহ উন্নত তথ্যভিত্তিক প্রচারণামূলক সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য গণমাধ্যম জাতীয় রাজস্ব বোর্ডের ‘গুরুত্বপূর্ণ অংশীজন’।

জাতীয় জীবনের সর্বত্র একটি রাজস্ব বান্ধব সংস্কৃতি সৃজন করার লক্ষ্যে বর্তমান রাজস্ব প্রশাসনের গৃহীত ‘সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা নীতি’ বাস্তবায়নে গণমাধ্যমের বন্ধুদের ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। জাতীয় রাজস্ব বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা, কর্মচারীদের পাশাপাশি রাজস্ব আহরণের কার্যক্রমের সাথে তাঁরা একইভাবে সম্পৃক্ত। এ বিষয়গুলো যথাযথ শ্রদ্ধারসাথে বিবেচনাপূর্বক জাতীয় রাজস্ব পরিবারের পক্ষ থেকে মিডিয়ার সকল সম্মানিত বন্ধুদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান। একই সাথে তিনি তাঁদের সকলকে ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

সরকার ঘোষিত রূপকল্প ২০২১ সালের মধ্যে মধ্য আয়ের দেশ ২০৪১ সালে একটি সুখী, সমৃদ্ধ, শিক্ষিত, শক্তিশালী, স্বাবলম্বী ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে দেশের সামগ্রিক অর্থনৈতিক অগ্রগতি সাধন ও অভ্যন্তরীণ সম্পদ আহরণ জোরদার করার দৃঢ় প্রত্যয়ে জাতীয় রাজস্ব বোর্ড মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুসারে জনগণের উপর করের বোঝা না বাড়িয়ে করের আওতা বা করনেট সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্ত সফলভাবে বাস্তবায়ন ও রাষ্ট্রের জন্য রাজস্ব আহরণকারী প্রতিষ্ঠান এনবিআর সঠিকভাবে পরিচালনার ক্ষেত্রে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান মিডিয়ার বন্ধুদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করেছেন।

সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, দেশের অভ্যন্তরীণ রাজস্ব আয়ের প্রায় ৮৫ ভাগ জাতীয় রাজস্ব বোর্ড আহরণ করে থাকে। এর মধ্যে ১ লক্ষ ৭৬ হাজার ৩ শত ৭১ কোটি টাকা রাজস্ব আহরণের গুরুদায়িত্ব জাতীয় রাজস্ব বোর্ডের। এ বৃহৎ লক্ষ্যমাত্রা অর্জন একটি সর্বজন স্বীকৃত চ্যালেঞ্জিং কাজ। একটি ‘পূর্ণাঙ্গ করদাতা-বান্ধব রাজস্ব প্রশাসন’ তৈরীর লক্ষ্যে সকল অংশীদারদের (Stakeholders) সমন্বিত ও পারস্পরিক অংশীদারিত্বের ভিত্তিতে চলতি অর্থ বছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ, মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।